# Grenfell Tower community update: October 2025 - Bengali / বাংলা

**গ্রেনফেল টাওয়ার কমিউনিটি আপডেট - অক্টোবর 2025**

আমরা বুঝি যে গ্রেনফেল টাওয়ার (Grenfell Tower) এর মর্মান্তিক ঘটনায় সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্তদের জন্য এর একটি গভীর ব্যক্তিগত তাৎপর্য রয়েছে এবং এই ভূমি পরিবারগুলোর কাছে পবিত্র। টাওয়ারটি সাবধানে ভেঙে ফেলার জন্য আমাদের কাজ সম্পর্কে আমরা আপনাকে আপডেটেড রাখতে চাই।

এই আপডেটে আপনারা আরও জানতে পারবেন:

- **শব্দ, ধুলো এবং কম্পনের তথ্য পর্যবেক্ষণ**
- **সুস্বাস্থ্য এবং ভালো থাকার জন্য সহায়তা**
- **আপনি কিভাবে আমাদের সাথে কথা বলতে পারেন**

আপনি পূর্ববর্তী আপডেটগুলি দেখতে পারেন এই ঠিকানায়: www.gov.uk/grenfell-community-updates

## শব্দ, ধুলো এবং কম্পনের তথ্য পর্যবেক্ষণ

সরকার গ্রেনফেল টাওয়ার সাইটে সকল কাজ সর্বোচ্চ মান অনুযায়ী সম্পন্ন করার বিষয়ে প্রতিশ্রুতিবদ্ধ। সম্প্রদায় এবং এই কর্মক্ষেত্রে নিয়োজিত সকলের নিরাপত্তা ও ভালো থাকা নিশ্চিত করা আমাদের প্রধান কর্তব্য।

সেপ্টেম্বর মাসে, আমরা বিস্তারিত পরিকল্পনা প্রকাশ করেছিলাম, যেখানে দেখানো হয়েছে যে কীভাবে আমরা বাতাসের গুণমান এবং শব্দের মাত্রা পর্যবেক্ষণ করছি। এগুলি সম্পর্কে আপনি এই ঠিকানায় পড়তে ও পরিকল্পনাগুলি দেখতে পারবেন:
Grenfell Tower: community update September 2025 - GOV.UK

টাওয়ার সাইটে তিনটি কম্পন মনিটর এবং পাঁচটি বায়ু মানের মনিটর এবং সাইটের সীমানার চারপাশে তিনটি শব্দের মনিটর রয়েছে, যা সমস্ত লাইভ ডেটা সংগ্রহ করে।

আমরা এই মনিটরগুলির ডেটা প্রকাশ করছি যাতে আপনি আমাদের কাজের প্রভাব বুঝতে পারেন। ডেটাটি দেখাবে যে নির্ধারিত মাত্রা অতিক্রম হয়েছে কিনা এবং যদি হয়ে থাকে, তাহলে কেন এমন হলো এবং এর প্রতিকারে আমরা কী করছি।

আমরা প্রতি মাসে এই ডেটাটি প্রকাশ করব। প্রতিটি আপডেটে আগের মাসের ফলাফল দেখানো হবে।

সাম্প্রতিকতম শব্দ, ধুলো এবং কম্পন পর্যবেক্ষণ রিপোর্টগুলি 1  সেপ্টেম্বর থেকে 28 সেপ্টেম্বর 2025 সাল অবধি।

শব্দ পর্যবেক্ষণ রিপোর্ট – 1 সেপ্টেম্বর থেকে 28 সেপ্টেম্বর 2025

ধুলো পর্যবেক্ষণ রিপোর্ট – 1 সেপ্টেম্বর থেকে 28 সেপ্টেম্বর 2025

কম্পন পর্যবেক্ষণ রিপোর্ট – 1 সেপ্টেম্বর থেকে 28 সেপ্টেম্বর 2025

তদুপরি, কাজ চলার সময় UK হেলথ সিকিউরিটি এজেন্সি (UKHSA) গ্রেনফেল টাওয়ার সংলগ্ন এলাকার বায়ুর গুণমান যাচাই ও পর্যবেক্ষণ অব্যাহত রাখবে। তাঁরা প্রতি মাসে রিপোর্ট প্রকাশ করতে থাকবেন। আপনি এখানে সর্বশেষ রিপোর্ট পড়তে পারবেন: Environmental monitoring following the Grenfell Tower fire - GOV.UK

## যদি আপনি সুস্বাস্থ্য এবং ভালো থাকার জন্য সহায়তা চান

টাওয়ারটি সুচিন্তিতভাবে অপসারণের প্রক্রিয়া চলাকালীন, শোকসন্তপ্ত পরিবারবর্গ, জীবিত সদস্যবৃন্দ এবং নিকটবর্তী অঞ্চলের অধিবাসীদের জন্য মানসিক ও শারীরিক সহায়তার ব্যবস্থা অব্যাহত থাকবে।

আপনি যদি কোনো ব্যক্তির সাথে যোগাযোগ করতে চান, তাহলে নিম্নলিখিত পদক্ষেপ নিতে পারেন:

- গ্রেনফেল ওয়েলবিয়িং সার্ভিসে 020 8637 6279 নম্বরে কল করুন (প্রতিদিন সকাল 8am থেকে রাত 8pm পর্যন্ত)
- জরুরী প্রয়োজনে, সেন্ট্রাল অ্যান্ড নর্থ ওয়েস্ট লন্ডন ন্যাশনাল হেলথ সার্ভিস (NHS) ফাউন্ডেশন ট্রাস্টের (CNWL) সিঙ্গল পয়েন্ট অফ অ্যাক্সেস পরামর্শ লাইনে কল করুন, এই নম্বরে:<br>0800 0234 650 (সপ্তাহের সাত দিন, 24 ঘন্টা খোলা)
- ইমেল: grenfell.wellbeingservice@nhs.net
- আরও তথ্যের জন্য www.grenfellwellbeing.cnwl.nhs.uk দেখুন:

উপলব্ধ পরিষেবা সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য, www.grenfell.nhs.ukদেখুন

## আমাদের সাথে কীভাবে কথা বলবেন বা আরও জানবেন

আমরা এমনভাবে তথ্য শেয়ার করতে চাই যা আপনার জন্য সহায়ক হবে। আমরা আগামী মাসগুলিতে নিয়মিত আপডেট এবং তথ্য শেয়ার করতে থাকব www.gov.uk/grenfell-community-updates আপনি যদি চান, আমরা আমাদের নিয়মিত

আপডেটগুলি সরাসরি আপনাকে ইমেল করতে পারি।

আপনি নিয়মিত মিটিংগুলোতে আধিকারিকদের এবং আমাদের প্রধান ঠিকাদারের সঙ্গে দেখা করে কাজের বিষয়ে আলোচনা করতে, যেকোনো উদ্বেগ জানাতে এবং প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন। আমরা আপনার সুবিধাজনক ও আরামদায়ক সময়ে, তারিখে এবং স্থানে আপনার সাথে এককভাবে বা দলগতভাবে কথা বলার জন্য উপলব্ধ আছি।

কাজ সংক্রান্ত কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকলে, অথবা আমাদের সাথে কথা বলার ব্যবস্থা করতে চাইলে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন। আপনি আমাদের সাথে ইমেলের মাধ্যমে যোগাযোগ করতে পারেন: GrenfellTowerSite@communities.gov.uk গ্রেনফেল টাওয়ারের সর্বশেষ আপডেটের জন্য এবং ইমেল বিজ্ঞপ্তির জন্য সাইন আপ করতে, অনুগ্রহ করে এখানে যান: www.gov.uk/grenfell-community-updates অথবা নীচের QR কোডটি স্ক্যান করুন।

গ্রেণফেল টাওয়ার ট্র্যাজেডির প্রতিক্রিয়ায় আমাদের কাজ সম্পর্কে আপনারা কীভাবে আপডেট পেতে পছন্দ করেন, সে বিষয়ে আমরা আপনাদের মতামত জানতে চাই। আপনি যদি চান, তাহলে আমাদের দ্রুত ফিডব্যাক ফর্মটি পূরণ করে আপনার মতামত জানাতে পারেন:
গ্রেনফেল কমিউনিটি: Communications Feedback Form - GOV.UK

**গ্রেনফেল টাওয়ার সাইট ম্যানেজমেন্ট টিম**

**গৃহায়ণ, সম্প্রদায় এবং স্থানীয় সরকার মন্ত্রণালয়**